

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- বাঃ স্কাঃ (বিধি)/১০১৬(৭)/২০১৭

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৪

০১ নভেম্বর ২০১৭

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস
সকল অঞ্চল

বিষয়ঃ বাংলাদেশ স্কাউটস এর ৪৬তম কাউন্সিল সভায় গঠন ও নিয়মের অনুমোদিত সংশোধনী ও সংযোজনী অবহিতকরণ সম্পর্কীয়।

জনাব,


আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৬তম সভায় বাংলাদেশ স্কাউটস এর “গঠন ও নিয়ম” এর কতিপয় সংশোধনী ও সংযোজনী প্রস্তাব গৃহীত হয়।

গঠন ও নিয়ম এর অনুমোদিত সংশোধনী ও সংযোজনীসমূহ নিম্নরূপঃ

গঠন ও নিয়মের ধারা	পৃষ্ঠা নম্বর	মূল বিষয়	বর্তমানে আছে	অনুমোদিত সংশোধনী ও সংযোজনী
ধারা ২৮	৩১	সহ-সভাপতি	বাংলাদেশ স্কাউটস-এর ৩ (তিন) জন সহ-সভাপতি থাকবেন। এ মধ্যে (১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়; (২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ পদাধিকার বলে সহ-সভাপতি থাকবেন এবং (৩) অপর একজন জাতীয় কাউন্সিল কর্তৃক নির্বাচিত হবেন।	বাংলাদেশ স্কাউটস-এর ৪ (চার) জন সহ-সভাপতি থাকবেন। এ মধ্যে (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ; (২) সচিব, মাদরাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পদাধিকার বলে সহ-সভাপতি থাকবেন এবং (৪) অপর একজন জাতীয় কাউন্সিল কর্তৃক নির্বাচিত হবেন।
ধারা ২৩-এর (ড)	২৮	জাতীয় নির্বাহী কমিটির সহযোজিত সদস্য	জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক সহযোজিত তিন জন সদস্য।	জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক কমপক্ষে ১ জন মহিলা সদস্য সহ ৩ জন সহযোজিত সদস্য।
ধারা ১৪ এর ৩	২১	নামকরণ	“জাতীয় বয়স্ক সম্পদ নেতা নীতি”	“জাতীয় এডাল্টস-ইন- স্কাউটিং নীতি”
ধারা ১১ (খ) (১)	১৮	অর্থ সংস্থান	যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বা তার বেশি অনুদান দেবেন, ২) যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা বা তার চেয়ে বেশি এককালীন অনুদান দেবেন এবং ৩) যাঁরা বছরে অন্তত ৫০০.০০ (পাঁচশত) টাকা অনুদান দেবেন তাঁরা যথাক্রমে ১) আজীবন পৃষ্ঠপোষক সদস্য, ২) আজীবন সদস্য এবং ৩) যে বছরের জন্য অনুদান দেবেন সেই বছরের জন্য সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন।	যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ২,০০,০০০/০০ (দুই লক্ষ) টাকা বা তার বেশি অনুদান দেবেন, ২) যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ২০,০০০/০০ (বিশ হাজার) টাকা বা তার চেয়ে বেশি এককালীন অনুদান দেবেন এবং ৩) যাঁরা বছরে অন্তত ২০০০/০০ (দুই হাজার) টাকা অনুদান দেবেন তাঁরা যথাক্রমে ১) আজীবন পৃষ্ঠপোষক সদস্য, ২) আজীবন সদস্য এবং ৩) যে বছরের জন্য অনুদান দেবেন সেই বছরের জন্য সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন।

গঠন ও নিয়মের ধারা	পৃষ্ঠা নম্বর	মূল বিষয়	বর্তমানে আছে	অনুমোদিত সংশোধনী ও সংযোজনী
ধারা ৩২(ক)	৩৩	জাতীয় কমিশনার	অনধিক ১৫ (পনের) জন জাতীয় কমিশনার নিয়োগ করা যেতে পারে।	অনধিক ২০ (কুড়ি) জন জাতীয় কমিশনার নিয়োগ করা যেতে পারে।
ধারা ৩৩	৩৩	জাতীয় উপ কমিশনার	জাতীয় উপ কমিশনারের মোট সংখ্যা ৩০ (ত্রিশ) জনের বেশী হতে পারবে না।	জাতীয় উপ কমিশনারের মোট সংখ্যা ৪০ (চল্লিশ) জনের বেশী হতে পারবে না।

উপরোক্ত সংশোধনী ও সংযোজনীসমূহ বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' এর পরবর্তী সংস্করণে মুদ্রণ করা হবে। গঠন ও নিয়মের সংশ্লিষ্ট ধারার সংশোধনী ও সংযোজনী অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ ও অনুসরণের জন্য প্রেরণ করা হলো। সেই সাথে বিষয়টি অঞ্চলের আওতাধীন সকল জেলা ও উপজেলা স্কাউটসকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। প্রফেশনাল স্কাউট এন্ড্রিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
- ৪। সহকারী পরিচালক (আইসিটি), বাংলাদেশ স্কাউটস-তাকে বর্ণিত সংশোধনী ও সংযোজনীসমূহ বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে এবং অঞ্চলের ই-মেইলে প্রদানের অনুরোধ করা হলো;

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
- ২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ৩। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস।

